



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএভআ/

তারিখ :

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক, ইনজিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ কর্তৃক জনাব মোঃ মোখতার আলী
-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ঢাকা মহানগরীর লালবাগ থানাধীন ইনজিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ-এর সহকারী শিক্ষক (ইসলাম ধর্ম) জনাব মোঃ মোখতার আলী'র বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) শ্রেণিকক্ষে অশালীন ও আপত্তিকর আচরণ; (২) ছাত্রীদের শরীর স্পর্শ করা, চুলের ক্লিপ ঠিক করে দেয়া, স্কার্ফ ঠিক করে দেয়ার মত নৈতিকতা পরিপন্থী এবং যৌন হয়রানিমূলক আচরণ; (৩) শ্রেণিকক্ষে পাঠদান ব্যাহত করে হুমকি প্রদান; (৪) প্রকৃত ঘটনা ভিন্ন খাতে প্রবাহিত করার চেষ্টা করা; (৫) অফিসের কম্পিউটার ব্যবহার করে জনৈক প্রাক্তন ছাত্রীর সঙ্গে আপত্তিকর ও অশালীন বার্তা আদান-প্রদান ও বাক্যালাপ যা চরম নীতি বিবর্জিত ব্যক্তিত্বহীনতার বহিঃপ্রকাশ এবং যৌন হয়রানির পর্যায়ভুক্ত এবং একই সাথে প্রতিষ্ঠানের সম্পত্তির অপব্যবহার করা; (৬) প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা ভঙ্গ, উর্দ্ধতন কর্তৃপক্ষ সম্পর্কে উদ্ধত্যপূর্ণ আচরণ, বিশৃঙ্খলা, দলাদলি ও বিরূপ ধারণা, বিদ্বেষ, বিভেদ সৃষ্টি; (৬) বোর্ড হতে প্রদত্ত বরাদ্দকৃত পাবলিক পরীক্ষার খাতা জনৈক কনিষ্ঠ শিক্ষিকাকে দিয়ে পরীক্ষণ করানো, এমনকি অত্র শিক্ষা প্রতিষ্ঠানের পুরুষ শিক্ষকদের কক্ষেও এ কাজ করতে বাধ্য করা এ ধরনের গুরুতর অপরাধ এবং কর্তব্যে অবহেলা ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করেছে। বিষয়টি জরুরি বিধায় আপনার সহযোগিতা প্রয়োজন।

এমতাবস্থায়, বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উক্ত বিষয়াবলি এবং প্রতিষ্ঠানের সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

২। ঢাকা শিক্ষা বোর্ডের প্রচলিত বিধি মোতাবেক পরিদর্শন কর্মকর্তাকে টিএ/ডিএ প্রদান করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা

প্রাপক : উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ঢাকা অঞ্চল, ঢাকা।

মেমো নং-

তারিখ :

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। প্রধান শিক্ষক, ইনজিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ।
- ২। মোঃ মোখতার আলী, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), ইনজিনিয়ারিং ইউনিভারসিটি গার্লস স্কুল এন্ড কলেজ।
- ৩। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৪। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা